



ইরান যুদ্ধে ৪২টি আকাশযান হারানোর তথ্য প্রকাশ যুক্তরাষ্ট্রের



সংগৃহীত ছবি

ইরানের সঙ্গে চলমান সংঘাতে যুক্তরাষ্ট্রের উল্লেখযোগ্য সামরিক ক্ষয়ক্ষতির তথ্য প্রকাশ করেছে মার্কিন কংগ্রেসের গবেষণা সংস্থা কংগ্রেসনাল রিসার্চ সার্ভিস (সিআরএস)। সংস্থাটির এক প্রতিবেদনে বলা হয়েছে, যুদ্ধ শুরু পর থেকে এখন পর্যন্ত যুদ্ধবিমান, নজরদারি বিমান ও ড্রোন মিলিয়ে মোট ৪২টি মার্কিন আকাশযান ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ফেব্রুয়ারির শেষ দিকে শুরু হওয়া সংঘাতে যুক্তরাষ্ট্র কয়েকটি অত্যাধুনিক যুদ্ধবিমান হারিয়েছে। এর মধ্যে রয়েছে এফ-১৫ স্ট্রাইক ইগল, এফ-৩৫ স্টিলথ ফাইটার, এ-১০ গ্রাউন্ড অ্যাটাক বিমান এবং আকাশে জ্বালানি সরবরাহকারী একাধিক ট্যাঙ্কার বিমান। এছাড়া নজরদারি ও বিশেষ অভিযানে ব্যবহৃত আরও কয়েকটি আকাশযান ক্ষতিগ্রস্ত হওয়ার কথাও উল্লেখ করা হয়েছে।

সবচেয়ে বড় ক্ষতির মুখে পড়েছে মার্কিন ড্রোন বহর। প্রতিবেদনে বলা হয়, একাধিক এমকিউ-৯ রিপার অ্যাটাক ড্রোন এবং একটি এমকিউ-৪সি ট্রাইটন নজরদারি ড্রোন হারিয়েছে যুক্তরাষ্ট্র।

এদিকে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি দাবি করেছেন, তাদের বাহিনী প্রথমবারের মতো মার্কিন এফ-৩৫ যুদ্ধবিমান ভূপাতিত করতে সক্ষম হয়েছে। যদিও এ বিষয়ে পেন্টাগনের পক্ষ থেকে আনুষ্ঠানিক কোনো বিস্তারিত মন্তব্য এখনো পাওয়া যায়নি।

সিআরএস আরও জানিয়েছে, চলমান সংঘাত ও তথ্যের সীমাবদ্ধতার কারণে প্রকৃত ক্ষয়ক্ষতির পরিমাণ ভবিষ্যতে আরও বাড়তে পারে। অন্যদিকে হারানো সামরিক সরঞ্জাম পুনরুদ্ধার ও প্রতিস্থাপনে বিপুল ব্যয়ের মুখে পড়েছে যুক্তরাষ্ট্র। প্রাথমিক হিসাবে অভিযানের ব্যয় ইতোমধ্যে কয়েক দশমিক বিলিয়ন ডলারে পৌঁছেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।